

বাংলাদেশ শিপিং কর্পোরেশন শেয়ারহোল্ডারদের জন্য ২০% নগদ লভ্যাংশ ঘোষণা করেছে

ঢাকা, ১ নভেম্বর ২০২২


বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) ২০২১-২২ অর্থবছরে নীট লাভ করেছে ২২৫ কোটি ৮১ লাখ টাকা এবং শেয়ারহোল্ডারদের জন্য ২০% নগদ লভ্যাংশ ঘোষণা করেছে। বিএসসি ২০২০-২১ অর্থবছরে নীট লাভ করেছিল ৭২ কোটি ০৩ লাখ টাকা। বিএসসি ২০২২-২৩ অর্থবছরের প্রথম তিন মাসে নীট লাভ করেছে ৬০ কোটি ৬৯ লাখ টাকা। ২০২১-২২ অর্থবছরের প্রথম তিন মাসে নীট লাভ করেছিল ৬৬ কোটি ২৫ লাখ টাকা।

আজ ঢাকায় বিএসসি টাওয়ারে অনুষ্ঠিত বিএসসির পরিচালনা পর্ষদের ৩১৪ তম বৈঠকে এসব তথ্য জানানো হয়।

নৌপরিবহন প্রতিমন্ত্রী এবং বাংলাদেশ শিপিং কর্পোরেশনের (বিএসসি) পরিচালনা পর্ষদের চেয়ারম্যান খালিদ মাহমুদ চৌধুরী এম.পি বৈঠকে সভাপতিত্ব করেন।

এসময় অন্যান্যের মধ্যে পরিচালনা পর্ষদের সদস্য নৌপরিবহন সচিব মোঃ মোস্তফা কামাল, স্বতন্ত্র পরিচালক প্রফেসর এম শাহজাহান মিনা, স্বতন্ত্র পরিচালক ড. মোঃ আবদুর রহমান, বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ আবদুর রহমান খান, বিএসসির ব্যবস্থাপনা পরিচালক কমডোর এস এম মনিরুজ্জান, বিএসসির নির্বাহী পরিচালক (বাণিজ্য) ড. পীযুষ দত্ত ও বিএসসির নির্বাহী পরিচালক (প্রযুক্তি) মোহাম্মদ ইউসুফ উপস্থিত ছিলেন।

সভায় জানানো হয় যে, চীন সরকারের সহায়তায় বিএসসি চীন থেকে চারটি নতুন জাহাজ সংগ্রহ করবে। এর মধ্যে দু'টি ক্রুড ওয়েল ট্যাংকার; যার প্রতিটির ধারণক্ষমতা এক লাখ ডেড ওয়েট টন। দু'টি ৮০,০০০ হাজার টন (প্রতিটি) ধারণক্ষমতা সম্পন্ন বাল্ক ক্যারিয়ার। এজন্য ব্যয় হবে ২৪১.৯২ মিলিয়ন ইউএস ডলার। দু'টি ক্রুড ওয়েল মাদার ট্যাংকারের ব্যয় ধরা হয়েছে ১৫১.৯৬ মিলিয়ন ইউএস ডলার। দু'টি মাদার বাল্ক ক্যারিয়ার সংগ্রহে ব্যয় হবে ৮৯.৯৬ মিলিয়ন ইউএস ডলার।


মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪